

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-  
উপজেলা সমাজসেবা কার্যালয়,  
পেকুয়া, কক্সবাজার।

স্মারক নম্বর : ৪১.০১.২২৫৬.০০০.০৬.০০৫.২৩-১১৫

তারিখ: ১১/৭/২০২৩ খ্রি:।

বিষয়ঃ সমাজসেবা অধিদফতর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন।


সূত্র: স্মারক নং-৪১.০১.০০০০.০৪১.১৪.০১০.২০.৫৩৮ তারিখ: ২৬জুন ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্র পত্রের নির্দেশনার প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, পেকুয়া উপজেলাধীন আপনার ইউনিয়নে সমাজসেবা অধিদফতর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচির উপকারভোগীদের লাইভ ভেরিফিকেশন কার্যক্রম আগামি ৩১শে আগস্টের মধ্যে শেষ করতে হবে। লাইভ ভেরিফিকেশন শেষ না করে উপকারভোগীদের ২০২৩-২৪ অর্থ বছরের ভাতা প্রদান করা সম্ভব হবে না।

২। লাইভ ভেরিফিকেশনের সময় উপকারভোগীদের স্বশরীরে উপস্থিতির পাশাপাশি যে সকল কাগজপত্র সঙ্গে আনতে হবে:

ক্রঃ নং	ভাতার নাম	প্রয়োজনীয় কাগজপত্র	মন্তব্য
১	বয়স্ক ভাতা	(১) এনআইডি কার্ডের ফটোকপি (২) যদি ভাতার বই থাকে তাহলে ভাতা বই।	
২	বিধবা ভাতা	(১) এনআইডি কার্ডের ফটোকপি (২) যদি ভাতার বই থাকে তাহলে ভাতা বই (৩) স্বামী মৃত হলে মৃত্যু সনদের ফটোকপি (৪) তালাকপ্রাপ্ত হলে তালাকনামার ফটোকপি (৫) সকলের ক্ষেত্রে পুনরায় বিবাহ করেননি মর্মে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের ফটোকপি।	
৩	প্রতিবন্ধী ভাতা	(১) সুবর্ণ নাগরিক কার্ডের ফটোকপি (২) যদি ভাতার বই থাকে তাহলে ভাতা বই। (৩) এনআইডি কার্ড অথবা জন্ম নিবন্ধন কার্ডের ফটোকপি।	
৪	অনগ্রসর জনগোষ্ঠির বিশেষ ভাতা (জেলে ভাতা)	(১) এনআইডি কার্ডের ফটোকপি (২) জেলে কার্ডের ফটোকপি (৩) যদি ভাতার বই থাকে তাহলে ভাতা বই।	
৫	অনগ্রসর জনগোষ্ঠির বিশেষ শিক্ষা উপবৃত্তি	(১) এনআইডি/জন্ম নিবন্ধন সনদের ফটোকপি (২) পিতার জেলে কার্ডের ফটোকপি (৩) বর্তমানে অধ্যয়নরত শ্রেণীর প্রত্যয়নপত্র (শিক্ষা প্রতিষ্ঠান প্রদান কর্তৃক প্রদত্ত)।	
৬	প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি	(১) সুবর্ণ নাগরিক কার্ডের ফটোকপি (২) এনআইডি কার্ড অথবা জন্ম নিবন্ধন কার্ডের ফটোকপি (৩) বর্তমানে অধ্যয়নরত শ্রেণীর প্রত্যয়নপত্র (শিক্ষা প্রতিষ্ঠান প্রদান কর্তৃক প্রদত্ত)।	

৩। আপনার ইউনিয়নের সকল উপকারভোগীদের ইউনিয়ন পরিষদে একটি নিদৃষ্ট তারিখে (আলোচনা সাপেক্ষে তারিখ নির্ধারিত করা হবে) উপস্থিতি নিশ্চিত করাসহ সুশৃঙ্খলভাবে লাইভ ভেরিফিকেশন কার্যক্রমে আপনার পরিষদের সার্বিক সহযোগিতা কামনা করছি।

  
১১/৭/২৩  
(মোঃ জাহাঙ্গীর আরিফ প্রাং)  
উপজেলা সমাজসেবা অফিসার  
পেকুয়া, কক্সবাজার।

চেয়ারম্যান

.....ইউনিয়ন পরিষদ

পেকুয়া, কক্সবাজার।

সদয় অবগতির জন্য অনুলিপি:

- ১। পরিচালক, সামাজিক নিরাপত্তা, সামাজিক নিরাপত্তা শাখা, সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কক্সবাজার।
- ৩। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পেকুয়া, কক্সবাজার।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পেকুয়া, কক্সবাজার।